



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
www.dshe.gov.bd
ঢাকা



জরুরি
সীমিত

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.০৬.০০১.২১.৪৫১

তারিখ: ২৫ শ্রাবণ ১৪২৮

০৯ আগস্ট ২০২১

বিষয়: ২০২১ সালের এইচএসসি পরীক্ষার্থীদের জন্য প্রণীত অ্যাসাইনমেন্টসমূহের ক্ষেত্রে বিষয় ভিত্তিক শিক্ষকের মূল্যায়ন নির্দেশনা।

সূত্র: ১. মাউশি অধিদপ্তরের স্মারক নম্বর ৩৭.০২.০০০০.১০৫.০৬.০০১.২১.৪৫০; তারিখ- ২৬ জুলাই ২০২১ এর বিজ্ঞপ্তি।

২. মাউশি অধিদপ্তরের স্মারক নম্বর ৩৭.০২.০০০০.১০৫.০৬.০০১.২১.৩৯০, ১৩ জুন, ২০২১ এর বিজ্ঞপ্তি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) কর্তৃক প্রণীত ২০২১ সালের এইচএসসি পরীক্ষার্থীদের প্রতি শাখার নৈর্বাচনিক ০৩ (তিন) টি বিষয়ে অ্যাসাইনমেন্ট কার্যক্রম চলমান আছে। বিষয় ভিত্তিক শিক্ষক কর্তৃক অ্যাসাইনমেন্ট মূল্যায়ন করা হবে। সংশ্লিষ্ট শিক্ষককে অ্যাসাইনমেন্ট মূল্যায়নের ক্ষেত্রে নিম্নে বর্ণিত নির্দেশনাসমূহ যথাযথভাবে পালন করতে হবেঃ

(১) শিক্ষার্থীর প্রস্তুতকৃত অ্যাসাইনমেন্ট মূল্যায়নের ক্ষেত্রে সামঞ্জস্য ও সমরূপতা আনয়নের জন্য শিক্ষকগণকে প্রতিটি অ্যাসাইনমেন্টের জন্য প্রণীত মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) অনুসরণ করতে হবে;

(২) রুব্রিক্স অনুসরণ করে পরীক্ষার্থীরাও যাতে তাদের অ্যাসাইনমেন্টসমূহ প্রস্তুত করতে পারে সে বিষয়েও নির্দেশনা প্রদান করতে হবে;

(৩) অ্যাসাইনমেন্টের বিষয়ের প্রকৃতি, চাহিদা, পরিসর, ধাপ, চিন্তার ব্যাপকতা এবং শিক্ষার্থীর লেখার মধ্যে, সৃজনশীলতা ও মৌলিক বিষয় ইত্যাদি যথাযথভাবে মূল্যায়নের জন্য প্রতিটি বিষয়ের প্রতিটি অ্যাসাইনমেন্টের জন্য ভিন্ন ভিন্ন রুব্রিক্স সংযোজন করা হয়েছে;

(৪) রুব্রিক্সে প্রতিটি মূল্যায়ন নির্দেশকের জন্য পারদর্শিতার মাত্রা নির্ধারণ করা হয়েছে। মূল্যায়নের ক্ষেত্রে প্রতিটি নির্দেশকের জন্য আলাদা আলাদা নম্বর প্রদান করে মোট প্রাপ্ত নম্বর নির্ধারণ করতে হবে;

(৫) অ্যাসাইনমেন্ট মূল্যায়নের ক্ষেত্রে ছক (নমুনা) নিম্নরূপ:

নির্দেশক (Indicators)	ক	খ	গ	ঘ	ঙ	চ	মোট নম্বর
প্রাপ্ত নম্বর (Marks obtained)							
মূল্যায়নকারী শিক্ষকের নাম				স্বাক্ষর ও তারিখ			

(৬) অ্যাসাইনমেন্ট মূল্যায়নের ক্ষেত্রে কোন প্রকার অবহেলা, অতিমূল্যায়ন বা অমূল্যায়ন করা যাবে না;

(৭) অ্যাসাইনমেন্ট মূল্যায়নের ক্ষেত্রে ভিতরে সবল অংশ কালো কালি দিয়ে এবং দুর্বল অংশ লাল কালি দিয়ে চিহ্নিত করতে হবে;

(৮) মুখস্থ করে বা হুবহু পাঠ্য পুস্তক থেকে লিখে অ্যাসাইনমেন্ট তৈরি না করে পাঠ্য পুস্তকের অর্জিত জ্ঞান, দক্ষতা কাজে লাগিয়ে শিক্ষার্থীর চিন্তা ভাবনা, কল্পনাশক্তি, অনুধাবন ক্ষমতা, উদ্ভাবনী ক্ষমতা, স্বকীয়তা, সৃজনশীল ও নান্দনিক উপায়ে উপস্থাপন করার দক্ষতাকেই মূল্যায়নের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করতে হবে।

এমতাবস্থায়, উক্ত নির্দেশনা যথাযথ অনুসরণপূর্বক অ্যাসাইনমেন্ট মূল্যায়নের ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



৯-৮-২০২১

প্রফেসর মোঃ শাহেদুল খবির চৌধুরী
পরিচালক

পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.০৬.০০১.২১.৪৫১/১(১৬)

তারিখ: ২৫ শ্রাবণ ১৪২৮
০৯ আগস্ট ২০২১

সদস্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

- ১) চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, মতিঝিল, ঢাকা।
- ২) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- ৩) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা
- ৪) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৫) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর
- ৬) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট
- ৭) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী
- ৮) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম
- ৯) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল
- ১০) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ
- ১১) পরিচালক, মনিটরিং এন্ড ইভালুয়েশন উইং, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
- ১২) অধ্যক্ষ (সকল), সরকারি কলেজ
- ১৩) উর্ধ্বতন বিশেষজ্ঞ, বাংলাদেশ পরীক্ষা উন্নয়ন ইউনিট, ঢাকা।
- ১৪) অধ্যক্ষ (সকল), বেসরকারি কলেজ
- ১৫) সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই. এম. আই. এস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (পত্রটি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৬) পি এ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।



৯-৮-২০২১

প্রফেসর মোঃ শাহেদুল খবির চৌধুরী
পরিচালক